



জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম

এম.এম.আলী রোড, দামপাড়া, চট্টগ্রাম

১১/১৫
০১/০১/১৫

৪৩.২০.১৫০০.০০০.০১.০৩৪.২৩-১২৩

তারিখ: ৩১ মে ২০২৩খ্রি.

বিষয় : জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৩- এ অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ৪৩.২০.০০০০.০০১.৯৯.০০১.২১.৮০৯.(১-১০); তারিখ: ২৪ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৩ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে জেলা শিল্পকলা একাডেমি চট্টগ্রামের আয়োজনে জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৩ চট্টগ্রাম জেলা পর্যায়ের প্রতিযোগিতা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। চট্টগ্রাম জেলার আগ্রহী প্রতিযোগীদের অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

আগ্রহী প্রতিযোগীরা ০১ থেকে ০৮ জুন ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা শিল্পকলা একাডেমির অফিস কক্ষে স্কুলের বেতন রশিদ/ ভর্তি রশিদ/ প্রত্যয়নপত্র জমাদান পূর্বক নাম নিবন্ধন করতে পারবে।

প্রতিযোগিতা সংক্রান্ত তথ্যাদি

তারিখ	বিষয়	প্রতিযোগিতার বিষয়	বিভাগ ও সময়
০৯ জুন ২০২৩ শুক্রবার	সঙ্গীত	পঞ্চগীতিকবির গান	ক বিভাগ: ১ম থেকে ৫ম শ্রেণি (সকাল ১০.৩০মি:) খ বিভাগ: ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি (বিকাল ৩.৩০মি:) গ বিভাগ: (যুব) ১৭ থেকে ২৫ বছর (বিকাল ৪.৩০মি:) (প্রতিটি বিষয়ের ক্ষেত্রে ৩টি বিভাগ প্রযোজ্য)
		লোকসঙ্গীত	
		দেশাত্মবোধক গান (ভাষারগান, মুক্তিযুদ্ধ, স্বাধীনতার গান)	
	নৃত্য	সাধারণ নৃত্য (লোকনৃত্য ও সৃজনশীলনৃত্য)	
		শাস্ত্রীয় নৃত্য (কথক, মণিপুরী ও ভরতনাট্যম)	
	আবৃত্তি	কবিতা আবৃত্তি (স্বনির্বাচিত)	
একক অভিনয়	একক অভিনয় (স্বনির্বাচিত)		

বি. দ্র. কোন প্রতিযোগী ৩টার বেশি বিষয়ে অংশগ্রহণ করতে পারবেন না।

উল্লেখ্য যে, জেলা পর্যায়ে প্রতি বিষয় ও বিভাগে ১মস্থান অধিকারীরা জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

সহযোগিতা-সংক্রান্ত যোগাযোগ নম্বর: ০১৭১২০১১৯২৩

মোঃ মোসলেম উদ্দিন
জেলা কালচারাল অফিসার, চট্টগ্রাম

অনুলিপি: সদয় অবগতি/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা
২. জেলা প্রশাসক, চট্টগ্রাম
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ), চট্টগ্রাম
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)
৫. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
৬. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম
৭. প্রাপক...
৮. অফিস কপি